

📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:১৯২

আরবি মূল আয়াত:

আর তারা তাদেরকে কোন সাহায্য করতে পারে না এবং তারা নিজদেরকেও সাহায্য করতে পারে না। — আল-বায়ান

তারা না পারে তাদেরকে (অর্থাৎ তাদের 'ইবাদাতকারীদেরকে) সাহায্য করতে, না পারে নিজেদেরকে সাহায্য করতে। — তাইসিরুল

তারা যেমন তাদের কোন সাহায্য করার ক্ষমতা রাখেনা, তেমনি নিজেরাও কোন সাহায্য করতে পারেনা। — মুজিবুর রহমান

And the false deities are unable to [give] them help, nor can they help themselves. — Sahih International

১৯২. ওরা না তাদেরকে সাহায্য করতে পারে আর না নিজেদের সাহায্য করতে পারে।(১)

(১) এমনকি কেউ তাদের ক্ষতি করতে চাইলেও তারা নিজেদের পক্ষ থেকে প্রতিরোধ করতে পারবে না। ইবরাহীম আলাইহিস সালাম এ সমস্ত মা'বুদদেরকে ভেঙ্গে টুকরো টুকরো করে ফেলেছিলেন এবং এ বিষয়টি নিয়ে মুশরিকদের উপাস্যদেরকে অপমান করতে ছাড়েন নি। আল্লাহ বলেন, "তারপর ইবরাহীম তাদের উপর সবলে আঘাত হানলেন [সূরা আস-সাফফাত: ৯৩] আরও বলেন, "তারপর তিনি চূর্ণ-বিচূর্ণ করে দিলেন মূর্তিগুলোকে, তাদের প্রধানটি ছাড়া; যাতে তারা তার দিকে ফিরে আসে। [সূরা আল-আম্বিয়া: ৫৮] [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১৯২) ওরা তাদের কোন প্রকার সাহায্য করতে পারে না এবং ওদের নিজেদেরও নয়।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1146

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন